অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/27/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রচেস্টারে 30.3 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের সাশ্রয়ী আবাসনের উন্নয়নমূলক কাজ সমাপ্তির ঘোষণা করেছেন

"সিবলি স্কোয়ার" এর সংস্কারে 280টি মিশ্র আয়ের অ্যাপার্টমেন্ট, রিটেইল, অফিস এবং বাণিজ্যিক স্থান রয়েছে

কমিউনিটিগুলিকে পুনরুজ্জীবিত করতে এবং অর্থনীতিকে বাড়াতে এই অঞ্চলের বিস্তৃত কৌশল - "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" (Finger Lakes Forward) এর সম্পূরক এই বিনিয়োগ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো ডাউনটাউন রচেস্টারে আজ 30.3 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী মূল্যের আবাসন উন্নয়নের কাজ আজ সমাপ্তি ঘোষণা করেছেন। দ্য লিবার্টি লফটস (The Liberty Lofts) প্রকল্প, সিবলি স্কোয়ারের সংস্কারের অংশ যেখানে 104টি সাশ্রয়ী এবং কর্মী-বান্ধব অ্যাপার্টমেন্ট রয়েছে। বৃহত্তর সংস্কারমূলক কর্মকাণ্ডটির মধ্যে একটি অতিরিক্ত 176টি সাশ্রয়ী এবং বাজার মূল্যের অ্যাপার্টমেন্টের পাশাপামি রিটেইল, অফিস এবং বাণিজ্যিক স্থান বিদ্যমান রয়েছে। উইনডেভেলপমেন্ট (WinnDevelopment), ভবনের প্রাথমিক মালিক উইনকোম্পানির উন্নয়ন শাখা যা সিবলি স্কোয়ারের ডেভেলপার।

"ঐতিহাসিক সিবলি বিল্ডিং এর রূপান্তর রচেস্টারের রেনেসাঁর জন্য একটি উপস্থাপক হিসেবে কাজ করে এবং একই সাথে এলাকার পুনর্জন্মের প্রতিফলন ঘটায়," **গভর্নর কুওমো বলেন।** "সাশ্রয়ী আবাসনে বিনিয়োগ করে আমরা ফিঙ্গার লেকস ও তার বাইরে বসবাসকারী পরিবার ও আমাদের কমিউনিটিকে শক্তিশালী করছি।"

"আমরা আমাদের কমিউনিটিতে বিনিয়োগ অব্যাহত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ যাতে সকল নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নয়ন নিশ্চিত করা যায়, এবং এর মধ্যে রয়েছে সাশ্রয়ী মূল্যের আবাসন সুযোগ তৈরি এবং সংরক্ষণ করা," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "ডাউনটাউন রচেস্টারের কেন্দ্রস্থলে অবস্থিত ঐতিহাসিক সিবলি বিল্ডিং-এ লিবার্টি লফটস এর কাজ সমাপ্ত করা এই প্রতিশ্রুতির আরেকটি দৃষ্টান্ত এবং নিউ ইয়র্কের আরো ভালো দিনগুলো সামনে আসছে। আমরা মহামারী পরবর্তী বিশ্বকে আগের চেয়ে আরো ভালো, শক্তিশালী এবং আরো সমন্বিত করে গড়ে তোলার মাধ্যমে সামনের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছি।"

সিবলি বিল্ডিং, 250 ইস্ট মেইন স্ট্রিটে অবস্থিত, 1906 সালে খোলা হয় এবং ঐতিহাসিক স্থানের জাতীয় রেজিস্টারে এটি আছে। ভবনের 110 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের সংস্কার কাজ 2012 সালে শুরু হয়। 12 তলা বিশিষ্ট টাওয়ারের 2য়, 3য়, 4র্থ এবং 5ম তলায় অবস্থিত, লিবার্টি লফটস 104 স্টুডিও, এক এবং দুই বেডরুম বিশিষ্ট অ্যাপার্টমেন্ট একটি মিশ্রণ প্রদান করে। যে সমস্ত পরিবারের আয় এলাকা ভিত্তিক মধ্যম আয় (Area Median Income)-এর 60 শতাংশের কম অথবা সমান তাদের জন্য তেপ্পান্নটি এবং যে সমস্ত পরিবারের আয় এলাকা ভিত্তিক মধ্যম আয়ের 110 শতাংশ তাদের জন্য অবশিষ্ট অ্যাপার্টমেন্টগুলো সাশ্রয়ী রকমভাবে নির্ধারণ করা হবে। স্থাপনাগুলির মধ্যে রয়েছে একটি ফিটনেস এরিয়া, শিশুদের খেলার ঘর, বিজনেস সেন্টার, কমিউনিটি রুম এবং লন্ড্রি ভবন। বাসিন্দারা একটি স্কাইব্রিজ দ্বারা সংযুক্ত সেন্ট জোসেফ মিউনিসিপ্যাল পার্কিং লটে একটি দোতলা খাদ্য মার্কেটপ্লেস, খুচরো ক্রয়ের স্থান এবং ডিসকাউন্ট পার্কিং অ্যাক্সেস সুবিধা পাবেন। ভবনটির নিচতলায় ব্যাংকের একটি শাখা ও থানা রয়েছে।

সংস্কার বিদ্যমান ভবনের জন্য এন্টারপ্রাইজ গ্রীন কমিউনিটি (Enterprise Green Communities)-এর মানদণ্ড পূরণ করার জন্য ডিজাইন করা হয়েছে। বিদ্যুৎ-কার্যকরী বৈশিষ্ট্যের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে সীলেন্ট, পেইন্ট এবং ফ্লোরিংসহ নিম্ন-VOC পণ্যের ইনস্টলেশন; লো-ফ্লো ওয়াটার সেন্স লেবেলড প্লাম্বিং ফিক্সচার, এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স, এলইডি লাইটিং এবং ASHRAE স্ট্যান্ডার্ড 62.1 লেভেল ভেন্টিলেশন।

গভর্নর কুওমোর কমিউনিটিগুলিকে শক্তিশালী করার এবং ফিঙ্গার লেকসের অর্থনীতি সমৃদ্ধ করার অঙ্গীকারবদ্ধতা "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এ প্রতিফলিত হয়, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। ডাউনটাউন এরিয়ায় কর্মসংস্থান ও সার্ভিসসমূহের সহজলভ্যতার পাশাপাশি সাশ্রয়ী আবাসন সুবিধা প্রতিষ্ঠার মাধ্যমে লিবার্টি লফটসে স্টেটের বিনিয়োগ ফিঙ্গার লেকস ফরওয়ার্ড উদ্যোগের পরিপূরক।

লিবার্টি লফটস আগের দুইটি আবাসিক উন্নয়নমূলক পর্যায় অনুসরণ করে, যার মধ্যে রয়েছে সিবিলি স্কোয়ারে ল্যান্ডমার্ক, যা 55 বছর বা তার বেশী বয়সী ব্যক্তিদের জন্য 72টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি করেছে। এছাড়াও ভবনটিতে 104টি মার্কেট-রেট অ্যাপার্টমেন্ট অন্তর্ভুক্ত রয়েছে। আবাসিক সুবিধা ছাড়াও, সিবলি স্কোয়ার এখন বেশ কিছু কোম্পানির কেন্দ্রস্থল, যার মধ্যে রয়েছে ব্যবসায়িক ইনকিউবেটর নেক্সটকর্পস (NextCorps), যা লুমিনেট NY প্রতিযোগিতা পরিচালনা করে এবং কমিসারি ডাউনটাউন কিচেন ইনকিউবেটর (The Commissary Downtown Kitchen Incubator), খাদ্য বিষয় একটি ব্যবসায়িক ইনকিউবেটর এবং অংশীদারি রান্নাঘর ফ্যাসিলির নির্মাণ চলছে। উভয় প্রকল্প এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) থেকে অনুদান তহবিল পেয়েছে।

লিবার্টি লফটস নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) এবং পার্ক, বিনোদন ও ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) উভয় কর্তৃক সহায়তা পেয়েছে। HCR 5.9 মিলিয়ন মার্কিন ডলার স্থায়ী ট্যাক্স-মুক্ত বন্ডে, ফেডারেলের নিম্ন আয়ের হাউজিং ট্যাক্স ক্রেডিটগুলির

মাধ্যমে প্রদান করে যাইক্যুইটিতে 4.6 মিলিয়ন মার্কিন ডলার এবং ভর্তুকিতে 13.4 মিলিয়ন মার্কিন ডলার হিসাবখাতে অন্তর্ভুক্ত। OPRHP ফেডারেল এবং স্টেটের ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট বরাদ্দ করে যা ইক্যুইটিতে 4.6 মিলিয়ন মার্কিন ডলারে পরিণত হয়। সিটি অব রোচেস্টার রিস্টোর NY তহবিলে 1.2 মিলিয়ন মার্কিন ডলার এবং অতিরিক্ত 310,000 মার্কিন ডলার প্রদান করে।

2011 সাল থেকে নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল ফিঙ্গার লেকসে প্রায় 7,500টি সাশ্রয়ী বাড়ি ও অ্যাপার্টমেন্ট তৈরি ও সংরক্ষণ করতে 627 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ করেছে, যার মধ্যে সিটি অব রোচেস্টারে 2,900টি বাড়ি তৈরি ও সংরক্ষণে 278 মিলিয়ন মার্কিন ডলারের বেশি হিসাবভুক্ত রয়েছে।

হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথান ভিসনসকাস বলেছেন, "রচেস্টারের অর্থনীতি যেমন প্রসারিত হচ্ছে, তেমনি আধুনিক সাশ্রয়ী মূল্যের আবাসনের প্রয়োজনও রয়েছে। সিবলি স্কোয়ারে লিবার্টি লফটস এর মাধ্যমে, আমরা শহরের কেন্দ্রস্থলে অবস্থিত এই ঐতিহাসিক এবং গতিশীল মিশ্র ব্যবহারিক ভবনে পরিবারবর্গের জন্য 104টি অ্যাপার্টমেন্ট যোগ করেছি। অনেক নিউ ইয়র্কবাসীর জন্য অর্থনৈতিক কষ্টের এই সময়ে, নতুন কর্মসংস্থানের সুযোগের কাছাকাছি উচ্চ মানের অ্যাপার্টমেন্ট প্রাপ্তি পূর্বের থেকে আরো দ্রুত এগিয়ে যাওয়ার উন্নত কৌশল এবং এটি ফিঙ্গার লেক - ও সকল নিউ ইয়র্কবাসীকে - সামনের দিকে এগিয়ে নিয়ে যাবে।"

নিউ ইয়র্ক স্টেটের পার্ক, বিনোদন ও ঐতিহাসিক স্থাপনা সংরক্ষণ অফিসের কমিশনার এরিক কুলেসেইড বলেন, "লিবার্টি লফটস এর সমাপ্তিকরণ রূপান্তরমূলক সিবলি স্কোয়ার সংস্কারের জন্য একটি রোমাঞ্চকর নতুন পর্যায়, যা ঐতিহাসিক কর ক্রেডিট প্রোগ্রাম ব্যবহারের জন্য নিউ ইয়র্কের বৃহত্তম বিনিয়োগ হিসেবে দাঁড়ায়। ঐতিহাসিক ট্যাক্স ক্রেডিট আমাদের স্টেটের খালি এবং অব্যবহৃত ঐতিহাসিক ভবনের টেকসই সংস্কারের জন্য অপরিহার্য হাতিয়ার হয়ে দাঁড়িয়েছে। আমরা WinnCompanies-তে দলকে অভিনন্দন জানাই এবং অভিযোজিত পুনর্ব্যবহারের প্রতি তাদের অঙ্গীকারের জন্য তাদের ধন্যবাদ জানাই।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "এই স্থানীয় ল্যান্ডমার্কের সংস্কার রোচেস্টার এবং ফিঙ্গার লেক উভয় অঞ্চলের অর্থনৈতিক রূপান্তরকে অনুঘটক হিসেবে অব্যাহত রেখেছে। সিবলি স্কোয়ারে সাশ্রয়ী মূল্যের আবাসিক ইউনিট নির্মাণ শুধুমাত্র এই এলাকার জন্য প্রয়োজনীয় আবাসন সুবিধা প্রদান করে না বরং এটি নিশ্চিত করে যে রোচেস্টারের পুনরুজ্জীবিত শহরের যা কিছু দিতে হবে তা সমর্থন এবং প্রবেশাধিকারের জন্য শহরের একটি সমৃদ্ধ জনসংখ্যা আছে।"

সিনেটর জোসেফ রোবাক বলেন, "আমি আনন্দিত যে এই মূল্যবান কমিউনিটি বৃদ্ধির প্রকল্পটি শেষ হয়েছে। লিবার্টি লফটস অবশ্যই রচেস্টার শহরতলীর পাদদেশকে ইতিবাচক ভাবে উন্নীত করতে অনেক দূর এগিয়ে যাবে।"

মনরো কাউন্টির ক্লার্ক এডাম বেল্লো বলেন, "যখন সকল আয়ের স্তর জুড়ে ব্যক্তি এবং পরিবারগুলি তাদের সামর্থ্য অনুযায়ী আবাসনগুলিতে অ্যাক্সেস পায় তখন আমাদের সমগ্র কমিউনিটি উপকৃত হয়। আমি উইনডেভেলপমেন্টের প্রশংসা করছি ঐতিহাসিক সিবলি স্কোয়ারকে তাদের উচ্চাভিলাষী পুনঃকল্পনা করার জন্য, রচেস্টার শহরতলীর একটি উত্তেজক মিশ্র-ব্যবহার, মিশ্র আয়ের উপস্থাপক হিসেবে যা বিভিন্ন বয়স এবং আয়ের স্তরের মানুষের জন্য আবাসন প্রদান করে। আমি নিউ ইয়র্ক স্টেট কর্তৃক লিবার্টি লফটস-এর সমর্থনের জন্য কৃতজ্ঞ এবং আজকের বিশাল উদ্বোধনের জন্য কঠোর পরিশ্রম করা সকল কমিউনিটি এবং সরকারি অংশীদারদের ধন্যবাদ জানাই।"

মেয়র লাভলি এ. ওয়ারেন বলেন, "সিবলি স্কোয়ারের লিবার্টি লফটস রচেস্টার এবং পুরো শহরের ক্রমাগত রূপান্তরের প্রতিনিধিত্ব করে। এই প্রকল্পটি সম্পন্ন করার জন্য এবং রচেস্টারের অন্যতম বিখ্যাত ভবনে নতুন জীবন প্রদানের জন্য আমি উইনকোম্পানিগুলোকে অভিনন্দন এবং ধন্যবাদ জানাতে চাই। এই প্রকল্পটিকে এবং আরও অনেক প্রকল্পকে সমর্থন করার জন্য যা আমাদের প্রচেষ্টাকে আরও কর্মসংস্থান, নিরাপদ এবং আরও প্রাণবন্ত এলাকা এবং উন্নত শিক্ষার সুযোগ সৃষ্টিতে সহায়তা করবে আমি গভর্নর অ্যান্ড্রু কুওমো এবং নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল এর কাছে কৃতজ্ঞ।"

উইনকোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা গিলবার্ট জে উইন বলেন, "লিবার্টি লফটস সিবলি স্কোয়ারের পুনঃউন্নয়নে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক, যা শহরের কেন্দ্রস্থলে প্রত্যেক আয় স্তরের ভাড়াটেদের আধুনিক এপার্টমেন্ট এবং সুযোগ-সুবিধা প্রদানের স্বপ্ন পূরণ করে। এটি উইনডেভেলপমেন্টের ইতিহাসে বৃহত্তম মিশ্র ব্যবহার প্রকল্প। রচেস্টারের বাসিন্দাদের জন্য এই অনন্য মিশ্র আয়ের কমিউনিটিকে প্রাণবন্ত করে তুলতে আমরা অনেক স্টেট, কাউন্টি এবং স্থানীয় নেতাদের তাদের অংশীদারিত্ব, উদ্ভাবন এবং অধ্যবসায়ের জন্য তাদের কাছে কৃতজ্ঞ।"

ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিতকরণ" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি বিকাশের জন্য এই অঞ্চলের সমন্বিত রূপরেখা। স্টেট এ অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই 8.07 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করেছে - ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং আধুনিক নির্মাণ কার্যের মতো মূল শিল্প এই বিনিয়োগের অন্তর্ভুক্ত। বর্তমানে, উত্তরাঞ্চলের পুনরুজ্জীবিতিকরণ উদ্যোগের মাধ্যমে অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের অঙ্গরাজ্যের বিনিয়োগসহ ফিঙ্গার লেকস এর অগ্রগতি ত্বরান্বিত করছে যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015-এ ঘোষণা করেন। অঙ্গরাজ্যের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরও তথ্য পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন